



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবা প্রদানের বাস্তবায়ন অগ্রগতি ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ এমদাদুল বারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১৮-০৯-২০২২ ইং
সভার সময়	সকাল ০৯:০০ ঘটিকা
স্থান	বোর্ডের মিনি সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট"ক"

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সেবা প্রদান প্রতিশ্রুতিকে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর সেবার সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি আরও বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকগণকে সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে লিখিত প্রতিশ্রুতিই হল সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার। রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসির উদ্দীন বলেন, গত সভার সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারটি নতুন করে প্রিন্ট করে মূলফটকের ভিতরের দেয়ালে লাগানো হয়েছে এবং সেবাসমূহের দায়িত্বরত কর্মকর্তার পরিবর্তন হলে সেটা নিয়মিত আপডেট করা হচ্ছে। সম্প্রতি মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে যেসকল সেবাসমূহে নির্ধারিত ছক উল্লেখ আছে সেসকল সেবাসমূহের নির্ধারিত ছকসমূহকে লিংক/হাইপার লিংক করা হয়েছে যাতে সেবাগ্রহীতাগণ খুব সহজে যেকোন স্থান হতে ছক ডাউনলোড করে আবেদন করতে পারেন।

০২। সভায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর বাস্তবায়ন এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পরিশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক) ২৬, সেপ্টেম্বর/২০২২ তারিখের মধ্যে সিটিজেন চার্টার হালনাগাদ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৮.১৬.০০২.২০.৮২

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯

১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৫) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক মনিটরিং/সহকারী পরিচালক (প্রশাসন / কমন সার্ভিস) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৬) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।



মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)